অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/24/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো COVID-19-এ প্রাণ হারানো অপরিহার্য কর্মীদের সম্মানে পতাকা অর্ধনমিত রাখার এবং রাষ্ট্রীয় ল্যান্ডমার্কগুলি আলোকিত করার নির্দেশ দিয়েছেন

পতাকা অর্ধনমিত থাকবে এবং ল্যান্ডমার্কগুলি মেমোরিয়াল ডে এর জন্য আলোকিত থাকবে

গভর্নর কুওমো: "যখন আপনার শরীরের প্রতিটি প্রবৃত্তি বিপজ্জনক কাজে না গিয়ে পালিয়ে যেতে বলে, তখন এটা বলতে একজন বিশেষ ব্যক্তির প্রয়োজন হয়, যে না, আমি ভিতরে যাচ্ছি কারণ আমি মনে করি আমি কাউকে সাহায্য করতে পারি। আর অত্যাবশ্যকীয় কর্মীরা তা দিনের পর দিন, দিনের পর দিন, করেছে, প্রতিদিন আগুনের ভেতর দিয়ে হেঁটে গিয়েছে, এটা না জেনেই যে, আমি কি সংক্রামিত হচ্ছি? ঈশ্বর না করুন, আমি কি সংক্রামিত হচ্ছি এবং তারপরে এটি আমার সন্তানের জন্য বাড়িতে ফিরিয়ে আনছি। নার্স, ডাক্তার, হাসপাতালের কর্মী, শিক্ষক, খাদ্য সরবরাহকারী কর্মীরা। এই সমস্ত সাহসী মানুষ, বাস চালক, সাবওয়ে ড্রাইভার। আমি প্রতিদিন দাঁড়াই এবং আমি বলি, বাড়িতে থাকুন, নিরাপদে থাকুন, বাড়িতে থাকুন। বাইরে যাবেন না, আপনার বাচ্চাদের বাড়িতে রাখুন, ভেতরে থাকুন। কিন্তু আপনি না। আপনি একজন অপরিহার্য কর্মী। আপনাকে আগামীকাল কাজে যেতে হবে যাতে অন্য সবাই বাড়িতে থাকতে পারে। এবং তারা তা করেছে।"

কুওমো: "তারা প্রতিদিন আগুনে প্রবেশ করত এবং আমরা তাদের প্রতি গভীর, গভীর, ধন্যবাদ জানাই। আমরা নিউ ইয়র্কে, বিশ্বে সর্বোচ্চ সংক্রমণের হার থেকে সর্বনিম্ন সংক্রমণের হার পর্যন্ত গিয়েছিলাম, এবং আমরা হাজার হাজার জীবন বাঁচিয়েছি, কারণ এই গ্রহে এই রাজ্যের মানুষের মতো কোনও মানুষ ছিল না। এবং তারা তাদের চরিত্র, তাদের শক্তি, এবং তাদের সাহস এবং তাদের ঐক্য দেখিয়েছিল। মেমোরিয়াল ডে তে তাদের ও তাদের পরিবারকে স্মরণ করুন।"

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ COVID-19 এর কারণে প্রাণ হারানো অপরিহার্য কর্মীদের সম্মান জানাতে 30 মে, রবিবার রাষ্ট্রীয় ল্যান্ডমার্কগুলি আলোকিত করার এবং রাজ্য সরকারের ভবনগুলিতে পতাকা অর্ধনমিত করার নির্দেশ দিয়েছেন। দুপুর পর্যন্ত পতাকা অর্ধনমিত থাকবে এবং আমাদের দেশ রক্ষার জন্য লড়াই করে প্রাণ হারানো সেবার সদস্যদের সম্মানে 31 মে সোমবার মেমোরিয়াল ডে এর জন্য ল্যান্ডমার্কগুলি আলোকিত থাকবে।

- যে ল্যান্ডমার্কগুলি আলোকিত করা হচ্ছে তার মধ্যে রয়েছে:
- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)

- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ কার্ল ম্যাককল স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক বিল্ডিং (H. Carl McCall SUNY Building)
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- নিউ ইয়র্ক স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট এবং এক্সপো সেন্টার
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স
- MTA LIRR - পেন স্টেশনে ইস্ট এন্ড গেটওয়ে

গভর্নরের বক্তব্যের ভিডিও ইউটিউবে দেখা যাবে এখানে এবং (h.264, mp4) ফরম্যাটে টিভির মানসম্পন্ন **ভিডিও** দেখা যাবে এখানে।

আজকের মন্তব্যের **অডিও** পাওয়া যাবে, এখানে।

ছবিগুলি গভর্নরের ফ্লিকার পেজে উপলভ্য।

গভর্নরের বক্তব্যের একটি দ্রুত সম্পাদিত ট্রান্সক্রিপ্ট নিচে উপলভ্য:

আমার শেষ কথা হল এটা। আজ মেমোরিয়াল ডে, এবং আমরা তাদের স্মরণ করি যারা মেমোরিয়াল ডে তে তাদের জীবন দিয়েছেন, এই দেশের জন্য জীবন দিয়েছেন, স্বাধীনতার জন্য লড়াই করেছেন, কারণ স্বাধীনতা বিনামূল্য নয়। আমি আরও মনে করি আমাদের এই গত বছরটিকে স্মরণ করা উচিত মেমোরিয়াল দিবসে, 42,000 নিউ ইয়র্কবাসীর কথা মনে রাখা উচিত যারা মারা গেছে। 42,000। 1,000 অপরিহার্য কর্মীর কথা মনে রাখবেন, যারা তাদের জীবন দিয়ে অন্যদের বাঁচাতে গিয়ে মারা গিয়েছিলেন। ঋতু পরিবর্তন হয়, কিন্তু স্মৃতি থাকতে হবে, পাঠ থাকতে হবে।

মনে রাখবেন যখন এটি শুরু হয়েছিল তখন COVID কতটা ভীতিকর ছিল। মনে রাখবেন মানুষ কতটা ভীত ছিল। তারা তাদের বাড়ি থেকে বেরিয়ে আসত না। COVID চলাকালীন একটি হাসপাতালে যাওয়া এমন ছিল যেন আপনি বাইরের মহাকাশে অবতরণ করছেন। মাথা থেকে পায়ের আঙ্গুল পর্যন্ত পোশাক, মুখাবরণে ঢাকা ছিল মানুষ। আপনি কোনও ব্যক্তির চোখ বা মুখও দেখতে পাননি। তারা হাসপাতালে ছবি সহ নামের ট্যাগ পরেছিল, যাতে রোগী কিছু মানবতা দেখতে পারে। কেউ জানত না এটা কিভাবে ছড়িয়ে পড়ে। কেউ জানত না যে এটি সত্যিই কিভাবে সংক্রামিত হয়েছিল। এবং আপনার কাছে এমন লোক ছিল যারা প্রতিদিন সেই রোগের বিরুদ্ধে লড়াই করার জন্য উপস্থিত হত। কাউকে বাঁচাতে আগুনে দৌড়াতে একজন বিশেষ ব্যক্তির প্রয়োজন হয়। আপনার শরীরের প্রতিটি প্রবৃত্তি বিপজ্জনক কাজে না গিয়ে পালিয়ে যেতে বলে, তখন এটা বলতে একজন

বিশেষ ব্যক্তির প্রয়োজন হয়, যে না, আমি ভিতরে যাচ্ছি কারণ আমি মনে করি আমি কাউকে সাহায্য করতে পারি।

আর অত্যাবশ্যকীয় কর্মীরা তা দিনের পর দিন, দিনের পর দিন, করেছে, প্রতিদিন আগুনের ভেতর দিয়ে হেঁটে গিয়েছে, এটা না জেনেই যে, আমি কি সংক্রামিত হচ্ছি? ঈশ্বর না করুন, আমি কি সংক্রামিত হচ্ছি এবং তারপরে এটি আমার সন্তানের জন্য বাড়িতে ফিরিয়ে আনছি। নার্স, ডাক্তার, হাসপাতালের কর্মী, শিক্ষক, খাদ্য সরবরাহকারী কর্মীরা। এই সমস্ত সাহসী মানুষ, বাস চালক, সাবওয়ে ড্রাইভার। আমি প্রতিদিন দাঁড়াই এবং আমি বলি, বাড়িতে থাকুন, নিরাপদে থাকুন, বাড়িতে থাকুন। বাইরে যাবেন না, আপনার বাচ্চাদের বাড়িতে রাখুন, ভেতরে থাকুন। কিন্তু আপনি না। আপনি একজন অপরিহার্য কর্মী। আপনাকে আগামীকাল কাজে যেতে হবে যাতে অন্য সবাই বাড়িতে থাকতে পারে। এবং তারা তা করেছে। এবং তারা তা করেছে। আপনি সাহসদের সম্পর্কে কথা বলতে চান নাকি আপনি সাহসের কথা বলতে চান? আপনি নিঃস্বার্থতার কথা বলতে চান? আপনি আপনার মনে এই প্রশ্নটি সম্পর্কে কথা বলতে চান? তুমি কি করবে? পরিস্থিতি যদি আপনাকে সত্যিই উঠে দাঁড়াতে বলে এবং আপনার জীবনকে বাজি লাগাতে বলে, তাহলে আপনি কী করবেন? আপনি কি উঠে দাঁড়িয়ে আগুনে দৌড়াবেন, নাকি আপনি চলে যাবেন?

তারা প্রতিদিন আগুনে প্রবেশ করত এবং আমরা তাদের প্রতি গভীর, গভীর, ধন্যবাদ জানাই। আমরা নিউ ইয়র্কে, বিশ্বে সর্বোচ্চ সংক্রমণের হার থেকে সর্বনিম্ন সংক্রমণের হার পর্যন্ত গিয়েছিলাম, এবং আমরা হাজার হাজার জীবন বাঁচিয়েছি, কারণ এই গ্রহে এই রাজ্যের মানুষের মতো কোনও মানুষ ছিল না। এবং তারা তাদের চরিত্র, তাদের শক্তি, এবং তাদের সাহস এবং তাদের ঐক্য দেখিয়েছিল। এবং মেমোরিয়াল ডে তে তাদের এবং তাদের পরিবারকে স্মরণ করুন। ধন্যবাদ এবং ঈশ্বর আশীর্বাদ করুন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন